গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
Tel. 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd, Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১৬.১৯-১২৯ তারিখঃ ০৩/০৭/২০১৯ খ্রিঃ

**বিষয়ঃ পিপিআর, ২০০৮ এর বিধি-৭৬(১)(ঞ), ৭৬(২) মোতাবেক DPM পদ্ধতিতে ক্রয়কার্যের ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত ডিপিপি'র ক্রয় পদ্ধতি সংশোধনপূর্বক ক্রয় পরিকল্পনা অনুমোদনের বিষয়ে মতামত প্রসঙ্গে।**

সূত্রঃ-১২১-মপ/বাপউবো/২০১৯; ২৯/০৪/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রে উল্লিখিত বিষয়সমূহের ওপর দফাওয়ারী সিপিটিইউ'র মতামত নিম্নরূপঃ

(ক) বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদনের বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ, ২০০৬) এর ধারা-১১ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এর বিধি-১৬ তে বিশদ সংস্থান রয়েছে। বিধি-১৬(৭) এর নির্দেশনা অনুযায়ী বার্ষিক ক্রয় পরিকল্পনা (হালনাগাদসহ) ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদনের আবশ্যকতা রয়েছে। উল্লেখ্য, বার্ষিক ক্রয় পরিকল্পনায় ক্রয়কারী কর্তৃক ক্রয়তব্য সকল পণ্য, কার্য ও সেবার প্রয়োজনীয় বিবরণ উল্লেখ থাকে যা' প্রশাসনিক এবং পরিবীক্ষণ এর দৃষ্টিকোণ হতে গুরুত্বপূর্ণ দলিল হিসেবে বিবেচিত হয়। তা ছাড়া বিধি-৪৩ অনুযায়ী এটি ক্রয় সংক্রান্ত রেকর্ড এর অংশ। সকল বার্ষিক ক্রয় পরিকল্পনা (রাজস্ব ও উন্নয়ন) ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদনের পরে ক্রয়কাজ বাস্তবায়নের লক্ষ্যে পরবর্তী কার্যক্রম শুরু করতে হবে। ফলে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশ অনুযায়ী ক্রয় কাজ বাস্তবায়ন করা হলেও আগে বার্ষিক ক্রয় পরিকল্পনায় উক্ত প্যাকেজ/প্যাকেজসমূহ অন্তর্ভুক্ত করে ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার প্রশাসনিক অনুমোদন গ্রহণ করতে হবে।

(খ) বিবেচ্য পত্রের দফা-'খ' এর জবাবে জানানো যাচ্ছে যে উপর্যুক্ত দফা-'ক' এর ন্যায় এ ক্ষেত্রেও বার্ষিক ক্রয় পরিকল্পনায় আগে ক্রয়কারী কার্যালয় প্রধান (মহাপরিচালক, বাপউবো) বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদন গ্রহণ করতে হবে। অত:পর বিধি-৭৬(১)(ঞ) এর অধীন ক্রয়ের ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিবের অনুমোদন গ্রহণ করতে হবে।

(গ) ডিপিপি'র সার্বিক ক্রয় পরিকল্পনা হালনাগাদপূর্বক বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করা হয়। এ ক্ষেত্রে বিধি-১৬(৫) ও ১৬(১০) এর নির্দেশনা অনুযায়ী কারণ ও যৌক্তিকতা সাপেক্ষে ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদনক্রমে ক্রয় পদ্ধতি, পরিমান, প্যাকেজ/লট, প্রাক্কলিত ব্যয়, আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অনুযায়ী অনুমোদনকারী কর্তৃপক্ষ, ইত্যাদির পরিবর্তন অনুমোদনযোগ্য।

০২। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।

৩/৭/১৯
(মোসাঃ মৌসুমী হাবিব)
উপপরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো)
ওয়াপদা ভবন (৩য় তলা)
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

**অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নহেঃ**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৩. অফিস কপি।

*192.168.1.23\Clarifications_CPTU\Maushum Habib Letter 2019 BWDB 24.06.2019.Doc*